দৈনিক বাংলা

তারিখ ... 07 JUL 1981 ...
পৃষ্ঠা... ২ ... কলাম... ৪

40

অধিকাংশ ছাত্রছাত্রী হলে ফেরেনি

# ঢাকা ভার্সিটি খুলেছে ঃ মিছিল সমাবেশ

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

কড়া নিরাপত্তা ব্যবস্থায় ১৫ দিন পর গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় খুলেছে। ক্লাস শুরুর প্রথম দিনে ক্যাম্পাসে গতকাল ছাত্রছাত্রীদের উপস্থিতির হার ছিল উল্লেখযোগ্য।

মধুর ক্যান্টিন, টিএসসি, কলা-ভবনের সামনে এবং ক্যাম্পাসের অন্যান্য গুরুত্বপূর্ণ পয়েন্টগুলিতে গত-কাল বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন রাখা হয়। কর্তৃপক্ষের অনুমতি নিয়ে বিভিন্ন ছাত্র সংগঠন ক্যাম্পাসে মিছিল এবং সমাবেশ করে। এদিকে আবাসিক হলগুলি গত শুক্রবার খুলে দেয়া হলেও এখনো অধিকাংশ ছাত্র-ছাত্রী হলে ফেরেনি। লাল রঙের পরিচয়-পত্রধারী আবাসিক ছাত্র-ছাত্রী ছাড়া আর কাউকে হলে প্রবেশ করতে দেয়া হচ্ছে না। এর ফলে সীট না পেয়েও যেসব ছাত্র-ছাত্রী হলে 'ডাবলিং' করে থাকতো তারা ভোগান্তি ও হয়রানির

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি খুলেছে

(প্রথম পৃঃ পর)

শিকার হচ্ছে। আগে এ ধরনের ছাত্র-ছাত্রীদের ডাবলিংয়ের অনুমতি দিয়ে হলে প্রবেশ করতে দেয়া হলেও এখন তা বন্ধ করে দেয়া হয়েছে। নতুন করে কোন 'ছাত্র-ছাত্রীকে ডাবলিংয়ের অনুমতি দেয়া হচ্ছে না।

আবাসিক হলগুলির গেটে পুলিশ প্রহরা অব্যাহত রয়েছে। গতকাল রাত দশটায় হলগুলির গেটে তালা লাগিয়ে আবাসিক শিক্ষকরা চাবি নিয়ে বাসায় চলে যান। রাতে 'অবরুদ্ধ' সূর্যসেন হলে অসুস্থ একজন ছাত্রকে নিয়ে এক বিপজ্জনক পরিস্থিতির উদ্ভব হয়। রাত বারটার দিকে সমাজবিজ্ঞান বিভাগের ছাত্র গোলাপ মিয়া গুরুতর অসুস্থ হয়ে পড়েন। কিন্তু হলের গেট বন্ধ থাকায় তাকে হাসপাতালে নেয়া যাচ্ছিল না। পরে ছাত্ররা তাকে দোতলার জানালা গলিয়ে ঝুঁকি নিয়ে কোন রকমে হল থেকে বের করে হাসপাতালে নিয়ে যায়।

জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্রলীগ (শা-অ) এবং ছাত্রলীগ (না-শ) গত-কাল ক্যাম্পাসে পৃথক মিছিল ও সমাবেশ করে।

২০ জুন গুলিতে নিহত ছাত্রনেতা মাহবুবের হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের দাবীতে জাতীয়তাবাদী ছাত্র-দল সকাল এগারটায় একটি মিছিল বের করে। পরে ডাকসু ভবনের সামনে অনুষ্ঠিত সমাবেশে সংগঠনের বিশ্ব-বিদ্যালয় শাখার নেতা হাবিব-উন-নবী সোহেল ও আলী আক্কাস নাদিম বক্তৃতা করেন।

ছাত্রলীগের (শা-অ) উদ্যোগে ক্যাম্পাসে মিছিল এবং পরে মধুর ক্যান্টিনের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়। গোলাম মোস্তফা সুজন এবং কামরুজ্জামান আনসারী সমাবেশে বক্তৃতা করেন। তাঁরা অভিযোগ করেন যে, ছাত্রনেতা মাহবুব আত্মঘাতী গুলিতে মারা যাওয়ার পরও এই হত্যার দায়ভাগ ছাত্রলীগের (শা-অ) উপর চালানোর চেষ্টা চলছে।

ছাত্রলীগ (না-শ) সংগঠনের নেতা মাহবুবের হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের দাবীতে একটি মৌন মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাস ঘুরে জাতীয় প্রেসক্লাবের সামনে এসে শেষ হয়। সংগঠনের সভাপতি নাজমুল হক প্রধান এবং সাধারণ সম্পাদক শফী আহমদ সমাবেশে বক্তৃতা করেন। মাহবুব হত্যার জন্য তারা ছাত্রলীগকে (শা-অ) দায়ী করেন এবং খুনীদের গ্রেফতারের দাবী জানান। নেতৃবৃন্দ অভিযোগ করেন যে, পুলিশ চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার না করে উল্টো ছাত্রলীগ (না-শ) নেতা-কর্মীদের হয়রানি করছে।

### কাঁটাতারের বেড়া কেটে ফেলা হয়েছে

সলিমুল্লাহ হলের সীমানা প্রাচীরের উপর দেয়া কাঁটাতারের বেড়া শুক্রবার রাতে কে বা কারা কেটে ফেলেছে। এবার বন্ধের পর হল খোলার আগে এই বেড়া দেয়া হয়েছিল। শুক্রবার রাতে জহুরুল হক হলের দিকের সীমানা প্রাচীরের উপরের কাঁটাতারের বেড়া পুরাটা কেটে ফেলা হয়। উল্লেখ্য, এর আগে জহুরুল হক হল ও সলিমুল্লাহ হলের মধ্যকার সীমানা প্রাচীর বেশ কয়েকবার ভেঙ্গে ফেলা হয়। জহুরুল হক হল থেকে সলিমুল্লাহ হলে আসার জন্য অস্ত্রধারীরা এই পথ ব্যবহার করে বলে অভিযোগ রয়েছে।

জাতীয়তাবাদী ছাত্রদল সলিমুল্লাহ হল শাখার আহবায়ক লুৎফর রহমান এক বিবৃতিতে হলের কাঁটাতারের বেড়া কেটে ফেলার নিন্দা করে বলেছেন, সন্ত্রাসী তৎপরতা চালানোর জন্য এটা করা হয়েছে।